গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং ২৮.০১.০০০০.০১৮.০৬.২৪৮.১৭./১৫৬৮৪ তারিখ: ২০নভেম্বর ২০১৭

**বিষয়: ১৬৬তম কমিশন সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৬৬ তম কমিশন সভা ১৫ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্ব করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| সিএম ১৬৬/১ | **আলোচ্য বিষয়:** ১৬৫তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত :** ১৬৫তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| সিএম ১৬৬/২ | **আলোচ্য বিষয়:** ১৬৫তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৬৫তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| সিএম ১৬৬/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫(পাঁচ)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট২১০৬.২ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. স্পেস সোয়েটার লিমিটেড [ কর্পোরেট ঠিকানা: হাউজ নং: ৩৪১, রোড নং: ০৫, বারিধারা ডিওএইচএস, ঢাকা-১২০৬; ফ্যাক্টরীর ঠিকানা: পারিজাত, কোনাবাড়ি, গাজীপুর] এর অনুকূলে ৫৭৪ কি:ও: [৩৫২ + ২২২] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৬,০০০/- (ছয়হাজার) টাকা;<br><br>২. নেক্সটজেন স্টাইল লিমিটেড [ কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: ১৬/১, বুড়িগঙ্গা সেতু মার্কেট, নতুন জুরাইন, ঢাকা-১২০৪] এর অনুকূলে ৮৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৩. আমানা নীটেক্সলিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: আমানা কমপ্লেক্স, মাসদাইর, গোরস্থান, ফতুল্লা, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৭১৩ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৪. অন্বেষা স্টাইললিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: খেঁজুর বাগান, বড় আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৪৬৭.২কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চারহাজার) টাকা;<br><br>৫. গোল্ডেন মুন বাংলাদেশ লিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: এসএফবি: ০১, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা-৩৫০০, বাংলাদেশ] এর অনুকূলে ২৬৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা।; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৬/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৪(চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৪ (চার) টি প্রতিষ্ঠানের অনুকূলে ডিজেল ভিত্তিক ১২০০ কি:ও:হতে ৪৬০ কি:ও: বৃদ্ধিপূর্বক ১৬৬০ কি:ও:বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. রোমো ফ্যাশন টুডে লিমিটেড [ কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর] এর অনুকূলে ২০০কি:ও: এর পরিবর্তে ৫৭২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা, মেয়াদ: ২৬/০১/২০১৭ হতে ২৫/০১/২০২০;<br><br>২. বুনিয়ান নীট ফ্যাশনস লিমিটেড [ কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: লতিফপুর, সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর] এর অনুকূলে ১২০ কি:ও: হতে ৭০.৪ কি:ও: বৃদ্ধিপূর্বক ১৯০.৪কি:ও: [ ১২০ + ৭০.৪] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৪/০৯/২০১৬ হতে ১৩/০৯/২০১৯;<br><br>৩. কলম্বিয়া অ্যাপারেলস লিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: ২২৮/১, তিন সড়ক, লক্ষীপুরা, জয়দেবপুর, গাজীপুর] এর অনুকূলে ৭৬০কি:ও: [৪০০ + ৩৬০] হতে ৭০.৪ কি:ও: বৃদ্ধিপূর্বক ৭৭৭.৬ কি:ও: [৪০০ + ৩৬০ + ১৭.৬] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ১২/০৫/২০১৬ হতে ১১/০৫/২০১৯;<br><br>৪. এন.আর.এস. নীট ওয়্যার লিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: এ-১৪৭, বিসিক শি/এ, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪০০] এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে কর্পোরেট এবংফ্যাক্টরীর ঠিকানা"এ-১৪৭, বিসিক শি/এ, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪০০"হতে "বি-২১৮-২২১, ২২৫, ২২৬, বিসিক শি/এ, শাসনগাঁও, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০" তে পরিবর্তনপূর্বক এবং বিদ্যমান বিদ্যুৎউৎপাদন ক্ষমতা অপরিবর্তীত ১২০কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চারহাজার) টাকা, মেয়াদ: ১৬/০৬/২০১৬ হতে ১৫/০৬/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৬/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৯ (নয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ৯ (নয়) টি প্রতিষ্ঠান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের জন্য ২০০৯ এবং ২০১০ সালে কমিশন বরাবর আবেদন করে। উক্ত আবেদনসমূহ যাচাই বাছাই পূর্বক কাগজপত্র ঘাটতি পাওয়া যায় এবং প্রতিষ্ঠানসমূহকে ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিলের জন্য ২০১০ এবং ২০১১ সালে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ১১/১০/২০১৭ তারিখে পত্র জারীর ১৫ দিনের মধ্যে যাচিত ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিল না করা হলে তাদের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদন বাতিল করা হবে মর্মে পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত প্রতিষ্ঠানসমূহ কমিশনে কাগজপত্র/তথ্যাদি দাখিল করেনি এবং কোন যোগাযোগও করেনি।<br><br>উপস্থাপিত ৯ (নয়) টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত বিদ্যুৎ উৎপাদনের জন্য ৯ (নয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে (পরিশিষ্ট-খ) লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্তকরণ অনুমোদন করা হয় । | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৬/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৯.৫৪৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সাময়িক লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. মার্ক সোয়েটার লিমিটেড, সিয়াম টাওয়ার, লেভেল- ৯ এবং ১০, প্লট-১৫, সেক্টর-০৩, উত্তরা, ঢাকা-১২৩০;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ সুরাবাড়ি, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৪৮৮ মেগাওয়াট [৮০০ কি.ও. (ডিজেল) + ৫২৮ কি.ও. (ডিজেল) + ১৬০ কি.ও. (ডিজেল)]।<br><br>২. আমান জুট ফাইব্রাস লিমিটেড, ০২, ঈশা খাঁ এভিনিউ, সেক্টর-০৬, উত্তরা, ঢাকা-১২৩০;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ নারকেলবাড়িয়া, পবা, রাজশাহী;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ২.০৬ মেগাওয়াট [ ২ x ১০৩০ কি.ও. (গ্যাস) ] । | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৬/৭ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সংশোধিত লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির নিম্নোক্ত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে ১.৯০৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. ইউনিমাস স্পোর্টসওয়্যার লিমিটেড, বাঘবাড়ি, মাদ্রাসা বাজার, কাশিমপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ বাঘবাড়ি, মাদ্রাসা বাজার, কাশিমপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৯০৪ মেগাওয়াট [ ২ X ৫০০ কি.ও. (ডিজেল) + ২০০ কি.ও. (ডিজেল) + ৭০৪ কি.ও. (ডিজেল)] | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৬/৮ | **আলোচ্য বিষয়:** 'যমুনা স্পেসটেক জয়েন্ট ভেঞ্চার লি:' (বগুড়া প্ল্যান্ট) জামালপুর শাহজাহানপুরের অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের লাইসেন্স নবায়ন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) 'যমুনা স্পেসটেক জয়েন্ট ভেঞ্চার লি:' জামালপুর, শাহজাহানপুর, বগুড়া এর অনুকূলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পরিবেশ অধিদপ্তরের অনুমতি পত্র থাকায় বাৎসরিক ৩০,০০০ মেট্রিক টন বগুড়া স্থাপনায় এলপি গ্যাস মজুদকরণ এবং তার বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের লাইসেন্স ২ (দুই) বছর মেয়াদে নবায়ন অনুমোদন করা হয়।<br><br>(খ) প্রতিষ্ঠানটিকে মংলা প্ল্যান্টে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ এবং তার বিতরণ ও বিপণনের জন্য প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ পৃথকভাবে আবেদন দাখিল করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| সিএম ১৬৬/৯ | **আলোচ্য বিষয়:** 'জালালাবাদ সিএনজি ফিলিং স্টেশন' (সুনামগঞ্জ রোড, আম্বরখানা, সিলেট)-এর অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনপূর্বক নবায়ন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** 'জালালাবাদ সিএনজি ফিলিং স্টেশন'-এর অনুকূলে কম্প্রেসর ক্যাপাসিটি ৭৩০ ঘনমিটার/ঘণ্টা হতে ৭০০ ঘনমিটার/ঘণ্টা এবং সিলিন্ডার স্টোরেজ ক্যাপাসিটি ১২৮০ ওয়াটার লিটার হতে ২০০০ ওয়াটার লিটার এ উন্নীতকরণ ও সংশোধনপূর্বক লাইসেন্স নবায়ন অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |

সিএম ১৬৬/১০

**আলোচ্য বিষয়:** এলএনজি টার্মিনাল পরিচালনা, রিগ্যাসিফিকেশন ও এলএনজি ক্রয়ের জন্য জ্বালানি নিরাপত্তা তহবিল হতে প্রয়োজনীয় অর্থের সংস্থান সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, এলএনজি টার্মিনাল পরিচালনা, রিগ্যাসিফিকেশন ও এলএনজি ক্রয়ের অর্থের সংস্থান বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে গত ৫/১১/২০১৭ তারিখে একটি পত্র পাওয়া যায়। পত্রে উল্লেখ করা হয়েছে যে, ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন দুইটি পৃথক ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপনের জন্য Excelerate Energy Bangladesh Limited ও Summit LNG Terminal Co. (Pvt.) এর সাথে Implementation Agreement (IA) স্বাক্ষরিত হয়েছে। এছাড়া পেট্রোবাংলার সাথে EEBL ও Summit এর সাথে Terminal Use Agreement (TUA) স্বাক্ষারিত হয়েছে। যার ফলে এপ্রিল ২০১৮ হতে EEBLএর টার্মিনাল এ সর্বোচ্চ ৩.৭৫ এমটিপিএ এবং ২০১৮ সাল শেষে Summit এর টার্মিনালে আরো ৩.৭৫ এমটিপিএ অর্থাৎ ২০১৯ সাল হতে ৭.৫ এমটিপিএ এলএনজি আমদানি করে তা রি-গ্যাসিফিকেশন করার প্রয়োজন হবে। ইতোমধ্যে কাতার সরকারের সাথে বাংলাদেশ সরকারের ২.৫ এমটিপিএ এলএনজি ক্রয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পত্রে মোট ১০০০ এমএমসিএফডি এর সমপরিমানএলএনজি আমদানি ও পরিচালনার জন্য রি-ভলবিং ফান্ড (এসবিএলসি সহ), Customer Letter of Credit এবং Latent Heat Capture System (LHCS) এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ 'জ্বালানি নিরাপত্তা তহবিল' হতে ৬,৯২২.৪৪ কোটি টাকা সংস্থানের জন্য বিইআরসিকে অনুরোধ করা হয়।

উক্ত বিষয়ে ১৬৫তম কমিশন সভায় বিস্তারিত আলোচনান্তে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও আরপিজিসিএল এর সাথে একটি সভা করার সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী গত ১৩/১১/২০১৭ তারিখে কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও আরপিজিসিএল এর সাথে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল জানান যে, আগামী এপ্রিল, ২০১৮ হতে এলএনজি আমদানি শুরু হবে। এ বিষয়ে সকল চুক্তি সম্পাদন করা হয়েছে। চেয়ারম্যান, পেট্রোবাংলা উল্লেখ করেন যে, এলএনজি ক্রয়, এফএসআরইউ পরিচালনা ও টার্মিনাল চার্জ বাবদ অক্টোবর ২০১৮ সাল পর্যন্ত আনুমানিক ৬৯২২.৪৪ কোটি টাকার প্রয়োজন হবে, যা পর্যায়ক্রমে চাহিদা মোতাবেক 'জ্বালানি নিরাপত্তা তহবিল' হতে প্রদান করা যেতে পারে। তবে, নভেম্বর ২০১৭ সালের মধ্যে ৩৪ মিলিয়ন মার্কিন ডলার বা সমপরিমাণ ২৭৮.৮০ কোটি টাকা জরুরী ভিত্তিতে প্রয়োজন হবে।

পেট্রোবাংলা হতে ২৮.০২.০০০০.২৭.০৪.২৯০.১৬.৭২৪ তারিখ: ১৪.১১.২০১৭ পত্রের মাধমে কমিশন কার্যালয়ে ১৩/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত সাভার আলোচনা অনুযায়ী বিইআরসি কর্তৃক চাহিদাকৃত এলএনজি আমদানি এবং Regasification এর বিপরীতে পরিচালন ব্যয় এবং রি-ভলভিং ফান্ড হিসেবে ৮৪৪.২ (আটশত চুয়াল্লিশ দশমিক দুই) মিলিয়ন মার্কিন ডলার চাহিদার সময়সহ নিম্নোক্ত বিবরণ প্রেরণ করেছে:

| বিষয় | EEBL | Summit | | | মোট |
|---|---|---|---|---|---|
| | ২০১৭-২০১৮ | | | ২০১৮-২০১৯ | |
| | নভেম্বর ২০১৭ | জানুয়ারি ২০১৮ | ফেব্রুয়ারি ২০১৮ | জুলাই ২০১৮ | |
| Customer Letter of Credit (SBLC) | ১৫.০০ | -- | ১৫.০০ | -- | ৩০.০০ |
| Laten Heat Capture System (এককালীন) | ৭.১ | -- | ৭.১ | -- | ১৪.২ |
| এলএনজি আমদানি ও পরিচালনার জন্য রি-ভলভিং ফান্ড (এসবিএলসিসহ) | -- | ৪০০.০০ | -- | ৪০০.০০ | ৮০০.০০ |
| মোট= | ২২.১ | ৪০০.০০ | ২২.১ | ৪০০.০০ | ৮৪৪.২০ |

উক্ত চাহিদা অনুযায়ী Excelerate Energy Bangladesh Limited (EEBL) এর সাথে চুক্তির আলোকে (১৫+৭.১)=২২.১ (বাইশ দশমিক এক) মিলিয়ন মার্কিন ডলার নভেম্বর ২০১৭ মাসে এবং এলএনজি আমদানি ও পরিচালনার জন্য রি-ভলভিং ফান্ড হিসেবে ৪০০.০০ (চারশত) মিলিয়ন মার্কিন ডলার ২০১৭-২০১৮ অর্থবছরের জানুয়ারি মাসে প্রয়োজন হবে।

পরিচালক (গ্যাস)

| | | |
|---|---|---|
| | পক্ষান্তরে, Summit LNG Terminal Co. (Pvt.) Ltd. এর সাথে চুক্তি অনুযায়ী (১৫+৭.১)=২২.১ (বাইশ দশমিক এক) মিলিয়ন মার্কিন ডলার ২০১৭-২০১৮ অর্থবছরের ফেব্রুয়ারি মাসে এবং এলএনজি আমদানি ও পরিচালনার জন্য রি-ভলভিং ফান্ড হিসেবে ৪০০.০০ (চারশত) মিলিয়ন মার্কিন ডলার ২০১৮-২০১৯ অর্থবছরের জুলাই মাসে প্রয়োজন হবে।<br><br>বর্ণিত অবস্থায়, পেট্রোবাংলা হতে EEBL ও SUMMIT কর্তৃক FSRU স্থাপন, এলএনজি আমদানি, টার্মিনাল পরিচালনা, Customer Letter of Credit এবং Latent Heat Capture System (LHCS) বাবদ ৮৪৪.২০ মিলিয়ন মার্কিন ডলার বা সমপরিমাণ আনুমানিক ৬,৯২২.৪৪ কোটি টাকা (১ মার্কিন ডলার=৮২ টাকা হিসেবে) জ্বালানি নিরাপত্তা তহবিল থেকে সংস্থানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।<br><br>জ্বালানি নিরাপত্তা তহবিল একটি রি-ভলবিং ফান্ড হবে যার অর্জিত সুদ/সারচার্জ এ ফান্ডে জমা হবে এবং এটি 'জ্বালানি নিরাপত্তা তহবিল নীতিমালা/গাইড লাইন্স' দ্বারা নিয়ন্ত্রিত হবে। এলএনজি ক্রয়, এফএসআরউ পরিচালনা ও টার্মিনাল চার্জ বাবদ সর্বমোট ৮৪৪.২০ (আটশত চুয়াল্লিশ দশমিক দুই) মিলিয়ন মার্কিন ডলার বা সমপরিমাণ আনুমানিক ৬,৯২২.৪৪ (ছয় হাজার নয়শত বাইশ দশমিক চুয়ালিশ) কোটি টাকা 'জ্বালানি নিরাপত্তা তহবিল' হতে সংস্থানের নীতিগত সম্মতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয় এবং বর্ণিত অর্থের ব্যবহার প্রণীতব্য 'জ্বালানি নিরাপত্তা তহবিল নীতিমালা/গাইড লাইন্স' দ্বারা পরিচালিত হবে মর্মেও একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) FSRU স্থাপন, এলএনজি আমদানি, টার্মিনাল পরিচালনা, Customer Letter of Credit এবং Latent Heat Capture System (LHCS) বাবদ নভেম্বর ২০১৭ মাসে ২২.১ মিলিয়ন মার্কিন ডলার, জানুয়ারি ২০১৮ মাসে ৪০০.০০ মিলিয়ন মার্কিন ডলার, ফেব্রুয়ারি ২০১৮ মাসে ২২.১ মার্কিন ডলার এবং জুলাই ২০১৮ মাসে ৪০০.০০ মিলিয়ন মার্কিন ডলার হিসেবে সর্বমোট ৮৪৪.২০ (আটশত চুয়াল্লিশ দশমিক দুই) মিলিয়ন মার্কিন ডলার বা সমপরিমাণ আনুমানিক ৬,৯২২.৪৪ (ছয় হাজার নয়শত বাইশ দশমিক চুয়ালিশ) কোটি টাকা 'জ্বালানি নিরাপত্তা তহবিল' হতে সংস্থানের নীতিগত সম্মতি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) বর্ণিত অর্থের ব্যবহার প্রণীতব্য 'জ্বালানি নিরাপত্তা তহবিল নীতিমালা/গাইড লাইন্স' দ্বারা পরিচালিত হবে। | |
| সিএম ১৬৬/১১ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ২(দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য নিম্নবর্ণিত ২টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স অনুমোদন করা হয়:<br>১. পেট্রো প্রোডাক্টস কোম্পানী এর অনুকূলে [মজুদাগারঃ মৌজাঃ ধনুয়া, উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ গাজীপুর] ৫০৭ মে. টন সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ (Engine oil: 277 M.T, Hydraulic oil:80 M.T, Compressor oil: 150 M.T) মজুদকরণ ও বিতরণের জন্য ইস্যু তারিখ হতে ২ (দুই) বছর মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়;<br>২. নাসরিন অটোমোবাইল এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ বিলামালিয়া, থানাঃ সাভার, জেলাঃ ঢাকা] ৩০০ মে. টন পেট্রোলিয়ামজাত পদার্থ (Engine oil: 100 M.T, Gear oil: 100 M.T, Liquid Paraffin: 100 M.T) মজুদকরণ ও বিতরণের জন্য ইস্যু তারিখ হতে ২ (দুই) বছর মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম ১৬৬/১২ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধন অনুমোদন করা হয়:<br>১. সিটি অয়েল সেন্টার এর অনুকূলে [মজুদাগারঃলিয়াকত এভিনিউ, থানাঃ সুত্রাপুর, জেলাঃ ঢাকা] ২৮/৭/২০১৭ - ২৭/০৭/২০১৯ মেয়াদে প্রদত্ত লাইসেন্স অন্যান্য পদার্থের পরিমাণ অপরিবর্তিত রেখে সুপারিশকৃত গ্রীজ ১,৯০,০০০ কেজি মজুদকরণ ও বিতরণের জন্য সংশোধন অনুমোদন করা হয়; | |

| | | |
|---|---|---|
| | ২. স্মার্ট পাওয়ার ইঞ্জিনিয়ারিং এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ বিলামালিয়া, সাভার, ঢাকা] ১৩,২৩০ মেঃটন বিটুমিন সংযোজনপূর্বক মজুদকরণ ও বিতরণের জন্য ২৫/১০/২০১৭ - ২৪/১০/২০১৯ মেয়াদে প্রদত্ত লাইসেন্স প্রযোজ্য ফিস দাখিল সাপেক্ষে সংশোধন অনুমোদন করা হয়;<br>৩. মুভ ইন্টারন্যাশনাল (পিটিই) লিঃ এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ গুলশান আ/এ, থানাঃ গুলশান, জেলাঃ ঢাকা] সুপারিশকৃত ৬০৪.৮০ মেঃটন পেট্রোলিয়ামজাত পদার্থ পুনর্বিন্যাসপূর্বক প্রযোজ্য ফিস দাখিল সাপেক্ষে মজুদকরণ ও বিতরণের জন্য ০৩/০১/২০১৬ - ০২/০১/২০১৮ মেয়াদে প্রদত্ত লাইসেন্স সংশোধন অনুমোদন করা হয়;<br>৪. এম.আর.ট্রেড এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিতরণের জন্য ২১/০৪/২০১৭ - ২০/০৪/২০১৯ মেয়াদে প্রদত্ত লাইসেন্স কার্যালয়ের ঠিকানা ১৬৪৩ ওসমান মঞ্জিল, আসাদগঞ্জ, চট্টগ্রাম হতে পরিবর্তন করে ২৭৪ নং নুর বিল্ডিং (৩য় তলা), খাতুনগঞ্জ, চট্টগ্রাম উল্লেখ পূর্বক প্রযোজ্য ফিস দাখিল সাপেক্ষে সংশোধনের অনুমোদন করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম ১৬৬/১৩ | **আলোচ্য বিষয়:** কমিশনের ২০১৬-১৭ অর্থবছরের অডিটেড রিপোর্ট ও ম্যানেজমেন্ট লেটার অনুমোদন সম্পর্কে।<br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন ২০০৩ এর অধ্যায়-৩ অনুচ্ছেদ ২০(২) ও (৩) অনুযায়ী কমিশনের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য Bangladesh Chartered Accountants Order 1973 (P.O.No.2 of 1973) এর অধীনে নিবন্ধিত কোন চাটার্ড একাউন্টেন্ড ফার্ম দ্বারা কমিশনের বাৎসরিক হিসাব নিরীক্ষা করার বিধান রয়েছে। কমিশন আইন ২০০৩ এর অধ্যায়-৩ অনুচ্ছেদ ২১ অনুযায়ী কমিশনের বাৎসরিক নিরীক্ষিত হিসাব এবং প্রতিবেদন জাতীয় সংসদে উপস্থাপনের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে।<br>কমিশন কর্তৃক RFQ মাধ্যমে নির্বাচিত চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম "রহমান মুস্তাফিজ হক এন্ড কোং"কে কমিশনের ২০১৬-১৭ সমাপ্ত অর্থ বছরের একাউন্টস্ অডিট করার জন্য ১১ অক্টোবর, ২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত কার্যাদেশ অনুযায়ী ফার্মটি কমিশনের একাউন্টস্ অডিট করে ০১ নভেম্বর ২০১৭ তারিখে খসড়া অডিট রিপোর্ট ও আর্থিক প্রতিবেদন এবং ম্যানেজমেন্ট লেটারের কপি কমিশন বরাবর দাখিল করে। কমিশনের মাননীয় চেয়ারম্যান এর সভাপতিত্বে খসড়া প্রতিবেদনের উপর ৭ নভেম্বর ২০১৭ তারিখে দ্বিপাক্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়া, অডিট চলাকালীন সময়ে উক্ত ফার্মের সাথে ফিন্যানসিয়াল এনালিস্ট, জনাব মোঃ আবদুল খালেকসহ অর্থ ও হিসাব বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের খসড়া অডিট রিপোর্ট বিষয়ে দফায় দফায় আলোচনা হয়। আলোচনা অনুযায়ী ফার্মটি সংশোধিত অডিট রিপোর্ট এবং ম্যানেজমেন্ট রিপোর্ট দাখিল করা হয়েছে। অডিট রিপোর্ট এবং ম্যানেজমেন্ট রিপোর্টের বিস্তারিত সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থাপিত অডিট রিপোর্ট এবং ম্যানেজমেন্ট রিপোর্ট অনুমোদনের বিষয়ে একমত পোষণ করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) সভায় উপস্থাপিত কমিশনের ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট এবং ম্যানেজমেন্ট রিপোর্ট অনুমোদন করা হয়;<br>(খ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ২০ (২) ধারা অনুযায়ী অর্থবছর শেষে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে অডিট রিপোর্ট এবং ম্যানেজমেন্ট রিপোর্ট প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে;<br>(গ) চলতি ২০১৭-১৮ অর্থবছরের অডিট রিপোর্ট এবং ম্যানেজমেন্ট রিপোর্ট প্রণয়নের জন্য মার্চ/২০১৮ হতে অডিট ফার্ম নিয়োগের কার্যক্রম শুরু করতে হবে;<br>(ঘ) কমিশনের টিআইএন/ট্যাক্স ওয়েভার সার্টিফিকেট গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br>(ঙ) কমিশনের স্থায়ী সম্পদের রেজিস্ট্রার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | সচিব, পরিচালক (অর্থ ও হিসাব) |
| সিএম ১৬৬/১৪ | **আলোচ্য বিষয়:** কমিশন দপ্তরের মূল বৈদ্যুতিক লাইনসহ অভ্যন্তরীণ বৈদ্যুতিক লাইন ও মিটার পরিবর্তনের জন্য কার্যাদেশ প্রদান সম্পর্কে।<br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের মেইন বৈদ্যুতিক লাইনসহ অভ্যন্তরীণ বৈদ্যুতিক লাইন ও মিটার পরিবর্তনের জন্য Request for Quotation (RFQ) পদ্ধতিতে কোটেশন আহবান করা হয়। নির্ধারিত তারিখে প্রাপ্ত কোটেশনসূহ দরপত্র মূল্যায়ন কমিটি মূল্যায়ন করে। কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ নিম্নরূপ- | |

নং ২৮.০১.০০০০.০১৮.০৬.২৪৮.১৭./ ৮৬৮৪ তারিখ: ২০ নভেম্বর ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

২০.১১.১৭

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫

পরিশিষ্ট-খ

নিম্নোক্ত ৯ (নয়) টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদন নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় (সিএম/১৬৬/৫):

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | জেনারেটরের অবস্থান | নথি নং |
|---|---|---|---|
| ১. | কেডিএস হাই-টেক গার্মেন্টস (বিডি) লিমিটেড | ২৫৫, নাসিরাবাদ বা/এ, বায়েজীদ বোস্তামী রোড, চট্টগ্রাম- ৪২১১। | ০৯২১ |
| ২. | রসিক টেক্সটাইল মিলস লিঃ | সি-১৩৯-১৪০, বিসিক টঙ্গী, গাজীপুর। | ১০৩৭ |
| ৩. | কাশেম রোটর স্পিনিং মিলস লিঃ | টেকনগপাড়া, সালনা, গাজীপুর, বাংলাদেশ। | ১১৩৫ |
| ৪. | রয়েল ফিলিং স্টেশন | ৫১/১, শহিদ তাজ-উদ্দিন সরণী, মহাখালী, ঢাকা- ১২১২। | ১০৩৫ |
| ৫. | লতিফডায়িংপ্রিন্টিং এন্ড ফিনিশিংলিঃ | শাসনগাঁও, এনায়েত নগর, ফতুল্লা, নারায়ণগঞ্জ। | ১০৯৭ |
| ৬. | ডরিন গার্মেন্টস লিমিটেড | ৫০-৬০, দক্ষিণ পানিশাইল, এন.কে. লিংক রোড, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর। | ১০৬৯ |
| ৭. | ফাইভ ষ্টার টেক্সটাইল মিলস লিঃ | আরিয়াবো (বড়পা), রুপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ১০৫৩ |
| ৮. | এগ্রোটেক ইন্টারন্যাশনাল লিঃ | থানাঃ কোতোয়ালী, মৌজাঃ রাঘবপুর, প্লট নংঃ ২১০৫, ২১০৭, ২১১৬, ২১১৭, ২১১৮ এবং ২১২০। | ১০৬৫ |
| ৯. | কেয়ার টেক্স ফিনিশিং মিলস লিঃ | সি-১৪১, বিসিক বানিজ্যক এলাকা, গাজীপুর। | ১০৩৬ |